গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	**ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম(তারিখসহ)**	**সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ**	**সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ**	**সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না**	**সেবার লিংক**	**মন্তব্য**
১	সিকিউটিজ আইন, বিধিমালা, অর্ডার, নোটিফিকেশন, ডাইরেকটিভ ইত্যাদির সহজ প্রাপ্তি ব্যবস্থাকরণ	ওয়েবভিত্তিক সৃজনশীল উপস্থাপন ও সার্চের মাধ্যমে সিকিউটিজ আইন, বিধিমালা, অর্ডার, নোটিফিকেশন, ডাইরেকটিভ ইত্যাদির সহজ প্রাপ্তির ব্যবস্থা করা হয়েছে।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে।	sec.gov.bd/home/laws	
২	তালিকাভুক্ত সিকিউরিটিজ সমূহের মূল্য সংবেদনশীল তথ্যসহ অন্যান্য তথ্য বিনিয়োগকারীদের নিকট স্বয়ংক্রিয়ভাবে প্রকাশকরণ (Issuer Info).	Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 অনুযায়ী ঢাকা স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত সিকিউরিটিজ সমূহ তাদের সকল গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ প্রকাশ করে, যা মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে বিবেচিত হয়। স্টক এক্সচেঞ্জ কর্তৃপক্ষ ডিএসই এর ওয়েবসাইট এ একটি link সংযোজন করে, যার মাধ্যমে ইস্যুয়ার/ তালিকাভুক্ত সকল সিকিউরিটিজ তাদের তথ্য প্রতিবেদন আকারে Upload করে। তথ্য সমূহ উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, প্রয়োজনীয় রিপোর্ট তৈরী, ওয়েবসাইটে তথ্য প্রকাশ ও অন্যান্য কাজে ব্যবহার করা হয়।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে।	dsebd.org/display_news.php	
৩	তালিকাভুক্ত সিকিউরিটিজ সমূহের শেয়ারহোল্ডারদের তথ্য দ্রুততম সময়ে সংগ্রহ করে রিপোর্ট প্রস্তুত	ঢাকা স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত সিকিউরিটিজ সমূহ তাদের সকল শেয়ারহোল্ডারদের গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ প্রকাশ করে, যা মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে বিবেচিত হয়। স্টক এক্সচেঞ্জ কর্তৃপক্ষ একটি সফটওয়্যারের ব্যাবস্থা করে যার মাধ্যমে ইস্যুয়ার/ তালিকাভুক্ত সকল সিকিউরিটিজ তাদের	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে।	dsebd.org/display_news.php	

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম(তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
	করন ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ (Shareholding Information System).	শেয়ারহোল্ডারদের তথ্য স্বল্প সময়ে সরবরাহ করে যা পরবর্তীতে দ্রুততম সময়ে বিভিন্ন প্রয়োজনীয় রিপোর্ট তৈরি ও পদক্ষেপ গ্রহণে কার্যকরী ভূমিকা রাখছে।				
৪	অনলাইন রিপোর্ট সাবমিশন প্লাটফর্ম	পুঁজিবাজারে প্রাতিষ্ঠানিক ব্রোকার, মার্চেন্ট ব্যাংক, এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি, সিকিউরিটিজ কাস্টডিয়ান ইত্যাদি প্রতিষ্ঠানসমূহ তাদের প্রতি মাসের কার্যক্রমের উপর পরবর্তী মাসে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক নির্ধারিত ফরমেটে রিপোর্ট প্রেরণ করে। উক্ত রিপোর্ট সমূহ বিএসইসি সুপারভিশন কার্যক্রমে ব্যবহার করে থাকে।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে।	online.sec.gov.bd/	
৫	কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম)	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে থাকে। বর্তমানে ব্যবস্থায় বিনিয়োগকারীরা লিখিত আকারে (হার্ডকপি) অভিযোগ কমিশনে দাখিল করে থাকে। নতুন প্রবর্তিত সিসিএএম এর মাধ্যমে বিএসইসি'র ওয়েবসাইটে গিয়ে বিনিয়োগকারীরা সহজেই যে কোন স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল করতে পারবেন। শুধু তাই নয়, দাখিলকৃত অভিযোগের বর্তমান অবস্থা তিনি অনলাইনে জানতে পারবেন। অভিযোগের ফলাফলে তিনি সন্তুষ্ট না হলে একই ব্যবস্থায় আপীল করতে এবং প্রয়োজনে অভিযোগ প্রত্যাহারও করতে পারবেন। তাছাড়া তিনি অভিযোগ দাখিল করা মাত্র ই-মেইলে অভিযোগ নম্বরসহ প্রাপ্তি স্বীকারপত্র পাবেন।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে।	www.cdbl.com.bd / complaints.sec.gov.bd/	

১	২	৩	৪	৫	৬	৭
ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম(তারিখসহ)	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
৬	তালিকাভুক্ত প্রতিষ্ঠানের জন্য Independent Director Registration Portal	তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহকে নিয়মিতভাবে বিএসইসি'র কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন কোডসমূহ পরিপালন করতে হয়। এই তালিকাভুক্ত প্রতিষ্ঠানসমূহ উক্ত কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইনে বর্ণিত কোডসমূহের ভিত্তিতে স্বাধীন পরিচালক (Independent Director) নিয়োগ করে থাকে। প্রচলিত ম্যানুয়াল পদ্ধতিতে বিভিন্ন তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কাজ করেছেন বা কাজ করছেন ঐসকল স্বাধীন পরিচালকদের তথ্যসমূহ বিশ্লেষণ করা অত্যন্ত দুরূহ এবং সময় সাপেক্ষ। অনেক ক্ষেত্রে এতদ্ সংক্রান্ত তথ্য পেতে ৭-১০ কর্মদিবসের প্রয়োজন হয়। অথচ তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কাজ করেছেন এবং কাজ করছেন ঐসকল স্বাধীন পরিচালকদের কার্যকলাপ বিশ্লেষণ বাজারের স্বচ্ছতা বিরাজে অত্যন্ত অপরিহার্য। উল্লিখিত প্রেক্ষাপটে বিএসইসি'র কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইনে বর্ণিত কোডসমূহের ভিত্তিতে তালিকাভুক্ত প্রতিষ্ঠানে স্বাধীন পরিচালক নিয়োগ, তাদের সম্পর্কিত তথ্য বিশ্লেষণ এবং আর্কাইভ করার জন্য একটি অনলাইন ভিত্তিক Independent Director Registration Portal প্রস্তুত করা অত্যন্ত প্রাসঙ্গিক এবং সময়োপযোগী।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে।	iddb.sec.gov.bd/	
৭	শুদ্ধাচার মূল্যায়ন সিস্টেম/সফটওয়্যার তৈরী	বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন শুদ্ধাচার নীতিমালা, ২০১৭ অনুযায়ী প্রতিবছর শুদ্ধাচার পুরস্কার প্রদান করে আসছে। শুদ্ধাচার প্রদান কার্যক্রম সহজ ও দ্রুততার সাথে করার জন্য "মূল্যায়ন ছক" সংক্রান্ত সফটওয়ার তৈরী করা হয়েছে।	সেবাটি কার্যকর আছে।	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে।	evaluation.online.sec.gov.bd/	